



315345 - সূরা ফাতহি নাযলিরে সময়কাল

প্রশ্ন

সূরা ফাতহি কখন নাযলি হয়েছে? আল্লাহ তাআলা বশিববাসীর উপর নামায ফরয করার পর নাযলি হয়েছে; নাকি আগে নাযলি হয়েছে? আমি সময়টি নির্দিষ্ট করা চাই।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

এক:

অধিকাংশ আলমেতে মতানুযায়ী, সূরা ফাতহি মাক্কী সূরা। এ সূরাটি মাক্কী হওয়ার পক্ষে আলমেগণ নমিনকোক্ত বিষয়গুলো দিয়ে দলিল পশে করছেন:

১। এ অভিমতের পক্ষে সহি দলিলের আধিক্যের কারণে। সে সব দলিলের মধ্যে রয়েছে আল্লাহ তাআলার বাণী:

وَلَقَدْ آتَيْنَاكَ سَبْعًا مِنَ الْمَثَانِي وَالْقُرْآنَ الْعَظِيمَ

“আমি আপনাকে বারবার পঠতি সাত (আয়াত) ও মহান কুরআন দিয়েছে।” [সূরা হজির, আয়াত: ৮৭] সূরা হজিরে এ আয়াতটি সর্বসম্মতক্রমে মাক্কী। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নজি “বারবার পঠতি সাত” এর তাফসিরি করছেন “সূরা ফাতহি”। এর থেকে এটি অনবির্ঘ্য হয় যে, সূরা ফাতহি মক্কায় নাযলি হয়েছে।

২। নামায মক্কায় ফরয হয়েছে। সূরা ফাতহি ছাড়া নামায শুদ্ধ হয় না। বরং কোন কোন আলমেতে অভিমত হচ্ছে সূরা ফাতহি সর্বপ্রথম নাযলিকৃত। তবে এমন অভিমত দুর্বল।

ইবনে তাইমিয়া (রহঃ) বলেন: “সূরা ফাতহি মক্কায় নাযলি হয়েছে এতে কোন সন্দেহে নাই...” [মাজমুউল ফাতাওয়া (১৭/১৯০-১৯১) সমাপ্ত]

সূরা ফাতহি মাক্কী সূরা হওয়ার অভিমতকে একদল মুহাক্কিকি আলমে প্রাধান্য দিয়েছেন; যমেন ইবনে তাইমিয়া, ইবনে কাছরি, ইবনে হাজার, বায়যাভী, কাওয়াশি ও অন্যান্য আলমেগণ। [দখুন: আব্দুর রাজ্জাক হুসাইন রচিত ‘আল-মাক্কী ওয়াল মাদানী’ (১/৪৪৬-৪৬৮)]



দুই:

কুরতুবী তাঁর 'আল-জামে লি আহকামলি কুরআন' গ্রন্থে (১/১১৫) বলেন: “নামায মক্কায় ফরয হয়েছে— এতে কোন মতভেদে নাই। এবং এমন কোন তথ্য সংরক্ষিত নাই যে, ইসলামে **الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ** ছাড়া কখনও কোন নামায পড়া হয়েছে। এর সপক্ষে প্রমাণ করে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী: **لَا صَلَاةَ إِلَّا بِفَاتِحَةِ الْكِتَابِ** (ফাতহিতুল কতিব ছাড়া কোন নামায নাই)। এটি পূর্বে আরোপিত হুকুম সম্পর্কে সংবাদ; নতুন কোন হুকুম নয়। আল্লাহ্ই সর্বজ্ঞঃ।”[সমাপ্ত]

আল্লাহ্ই সর্বজ্ঞঃ।